

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
রাণীনগর, নওগাঁ

স্মারক নং-৩৩.০১.৬৪৮৫.০০০.১০.০১৮.২২-৬৯৩

তারিখ: ৩১/১০/২০২২ খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জানানো যাচ্ছে যে, জেলা প্রাণিসম্পদ অফিসার, নওগাঁ মহোদয়ের ২৮/০৯/২০২২ খ্রিঃ তারিখের ১২৭০ নং স্মারক ও বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়ের ১৮/০৭/২০২২ খ্রিঃ তারিখের ২৬০২ নং স্মারকের প্রেক্ষিতে রাণীনগর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, রাণীনগর, নওগাঁ এর অফিস ভবন এর উপর ঝড়ে পড়া ০১ (এক)টি শিশু গাছ নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী প্রকাশ্য নিলাম ডাকে বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক জনসাধারণকে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের নিমিত্তে নির্ধারিত স্থান, তারিখ ও সময় অনুযায়ী উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

ক্রঃনং	গাছের সংখ্যা	প্রকাশ্য নিলাম স্থান	প্রকাশ্য নিলামের তারিখ	প্রকাশ্য নিলামের সময়
০১	০১ (এক) টি ঝড়ে পড়া শিশু গাছ	উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়, রাণীনগর, নওগাঁ	০৮/১১/২০২২ খ্রিঃ	বেলা ১১:০০টায়

- ১। কর্তৃপক্ষ ও গাছ নিলাম কমিটির সম্মুখে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।
- ২। প্রকাশ্য নিলাম ডাকের দিন বেলা ১১:০০টা হতে ১২:০০টার মধ্যে নিলাম ডাক সম্পন্ন হবে। উক্ত সময়ের পর কোন ডাক গৃহীত হবে না।
- ৩। নিলাম ডাকের সময় ডাককারীকে ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা দিতে হবে।
- ৪। সর্বোচ্চ নিলাম ডাককারীর ডাক অনুমোদন হওয়ার পর ডাকের নির্ধারিত মূল্যে অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর টিআর চালানোর মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, রাণীনগর টিটিডিসি শাখায় জমা করে উহার মূলকপি জমা সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৫। কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে নিজ খরচে বর্ণিত গাছ কর্তন করতে হবে।
- ৬। ডাককারীকে নিলাম ডাকের সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।
- ৭। নিলাম ডাক গ্রহণ ও বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

KAM  
৩১.১০.২২  
(ডাঃ মোছাঃ কামরুন্নাহার আকতার)  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
রাণীনগর, নওগাঁ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:-

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার, নওগাঁ
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর, নওগাঁ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগর, নওগাঁ
- ৪। উপজেলা কৃষি অফিসার, রাণীনগর, নওগাঁ
- ৫। উপজেলা প্রকৌশলী, রাণীনগর, নওগাঁ
- ৬। উপজেলা বন কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ
- ৭। ডাঃ মোঃ শরিফ উদ্দিন মন্ডল, প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার, উপজেলা প্রাণিসম্পদ ও ভেটেরিনারি হাসপাতাল, রাণীনগর
- ৮। চেয়ারম্যান, -----ইউপ(সকল), রাণীনগর, নওগাঁ। (তাকে নিলাম বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।)
- ৯। জনাব-----